গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

এবং

মন্ত্রিপরিষদ সচিব-এর মধ্যে স্বাক্ষরিত

বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ১, ২০২২ - জুন ৩০, ২০২৩

সূচিপত্র

মন্ত্রণালয়/বিভাগের কর্মসম্পাদনের সার্বিক চিত্র ৩

প্রস্তাবনা ৪

সেকশন ১: মন্ত্রণালয়/বিভাগের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি ৫

সেকশন ২: মন্ত্রণালয়/বিভাগের বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact) ৬

সেকশন ৩: কর্মসম্পাদন পরিকল্পনা ৭

সংযোজনী ১: শব্দসংক্ষেপ (Acronyms) ১৭

সংযোজনী ২: কর্মসম্পাদন ব্যবস্থাপনা ও প্রমাণক ১৮

সংযোজনী ৩: অন্য অফিসের সঙ্গে সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচকসমূহ ২১

সংযোজনী ৪: যেসব নীতি/পরিকল্পনার আলোকে কর্মসম্পাদন পরিকল্পনা প্রস্তুত করা হয়েছে ২৩

সংযোজনী ৫-৯: সংস্কার ও সুশাসনমূলক কার্যক্রমের বাস্তবায়ন সংক্রান্ত কর্মপরিকল্পনাসমূহ ২৫

মন্ত্রণালয়/বিভাগের কর্মসম্পাদনের সার্বিক চিত্র
(Overview of the Performance of the Ministry/Division)

সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা

সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ:

জনগণের স্বাস্থ্য শিক্ষা ও স্বাস্থ্য সেবার মানোন্নয়নে স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ খাতে বিগত ৩ বৎসরে উল্লেখযোগ্য সাফল্য অর্জিত হয়েছে। ২০২১ সালে "শেখ হাসিনা মেডিকেল বিশ্ববিদ্যালয়, খুলনা" এবং "বঙ্গবন্ধু মেডিকেল কলেজ, সুনামগঞ্জ" অনুমোদিত হয়েছে। দ্বি-স্তর বিশিষ্ট পরিবার পরিকল্পনা ক্যাডার গঠনের লক্ষ্যে 'বাংলাদেশ সিভিল সার্ভিস (পরিবার পরিকল্পনা) গঠন ও ক্যাডার আদেশ, ২০২০ এর সংশোধন' গেজেট আকারে প্রকাশিত হয়েছে। 'বাংলাদেশ মেডিকেল ও ডেন্টাল কাউন্সিল প্রবিধামালা ২০২১' গেজেট আকারে প্রকাশিত হয়েছে। 'নার্সিং ও মিডওয়াইফারি ভর্তি নীতিমালা,২০২০' এর গেজেট প্রকাশিত হয়েছে। মাতৃমৃত্যু হ্রাস পেয়ে বর্তমানে প্রতি লক্ষ জীবিত জন্মে ১৬৩-এ দাঁড়িয়েছে (SVRS ২০২০), যা ২০১৭ সালে ছিল ১৭২। গ্রামীণ জনগণের স্বাস্থ্য সেবা নিশ্চিত কল্পে প্রায় ১৪,১৮১ টি কমিউনিটি ক্লিনিকসহ ৩৩৭৩ টি ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র হতে মাঠকর্মীগণ নিরবিচ্ছিন্ন পরিবার পরিকল্পনা, মা ও শিশু স্বাস্থ্য, প্রজনন স্বাস্থ্য এবং কৈশোরকালীন স্বাস্থ্য সেবা প্রদান করছেন।

সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ:

মানসম্মত স্বাস্থ্য সেবা প্রদান নিশ্চিতকরণে চিকিৎসা শিক্ষার মানন্নোয়ন এবং সীমিত সম্পদ ও দক্ষ মানব সম্পদের স্বল্পতার কারণে কাঙ্খিত ও সমতাভিত্তিক স্বাস্থ্য সেবা প্রদান বর্তমান সময়ের একটি অন্যতম চ্যালেঞ্জ। একই সাথে জনসংখ্যার আধিক্য, স্বাস্থ্যকর্মীদের পেশাগত উৎকর্ষ নিশ্চিত করতে না পারা, প্রয়োজনীয় প্রশিক্ষণের অভাব এবং সাম্প্রতিক কোভিড-১৯ পরিস্থিতি অনেক ক্ষেত্রেই গুণগত স্বাস্থ্য শিক্ষা ও স্বাস্থ্য সেবা প্রদানের প্রতিবন্ধকতা হিসেবে কাজ করছে।

ভবিষ্যৎ পরিকল্পনা:

স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ খাতে সরকারের গৃহীত পরিকল্পনাসমূহ বাস্তবায়নের লক্ষ্যে স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ সুনির্দিষ্ট কার্যক্রম গ্রহণ করেছে। ২০২৩ সালের মধ্যে ১৪টি সরকারি মেডিকেল কলেজ-এ ক্রিটিক্যাল কেয়ার বিষয়ে পূর্ণাঙ্গ পদ সৃজন, চলমান '৪র্থ স্বাস্থ্য , জনসংখ্যা ও পুষ্টি খাত উন্নয়ন কর্মসূচি' (HPNSDP) এর আওতায় প্রাথমিক স্বাস্থ্য সেবা নিশ্চিত করার লক্ষ্যে ২০২৪ সালের মধ্যে সারাদেশে মোট ১৩০ টি ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র, ১৬৫ টি ১০ শয্যা বিশিষ্ট মা ও শিশু কল্যাণ কেন্দ্র, স্বাস্থ্য শিক্ষার উন্নয়নে ১৬ টি ইন্সটিটিউট অব হেলথ টেকনলজি এবং ১৭ টি নার্সিং কলেজ নির্মাণ করা হবে। দেশের জনসংখ্যাকে নিয়ন্ত্রণে রাখার জন্য 'বাংলাদেশ জনসংখ্যা নীতি ২০১২' বাস্তবায়নে ২০২৫ সালের মধ্যে পরিবার পরিকল্পনা খাতে সুনির্দিষ্ট 'অপারেশনাল প্ল্যান' বাস্তবায়ন করা হবে। এছাড়াও সকল প্রকার ক্রয়কার্যে স্বচ্ছতা আনয়নের জন্য ২০২৪ সালের মধ্যে ইলেকট্রনিক পদ্ধতিতে সকল ক্রয় কার্য সম্পন্ন করা হবে, সকল স্তরের হাসপাতালসমূহে ২০২৫ সালের মধ্যে 'বায়োমেট্রিক পদ্ধতি' চালু করা হবে।

২০২২-২৩ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ:

- ০৮/০৬/২০২৩ তারিখের মধ্যে ১৪টি সরকারি মেডিকেল কলেজ-এ ক্রিটিক্যাল কেয়ার বিষয়ে পূর্ণাঙ্গ পদ সৃজনকৃত।
- ১৫/০৬/২০২৩ তারিখের মধ্যে 'বাংলাদেশ চিকিৎসা শিক্ষা অ্যাক্রোডিটেশন আইন-২০২০' অনুমোদনের জন্য জাতীয় সংসদে প্রেরণ।
- ০৮টি ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র, ১০টি ১০ শয্যা বিশিষ্ট মা ও শিশু কল্যাণ কেন্দ্র এবং ০১টি নার্সিং কলেজ নির্মাণ।
- ১০/০৪/২০২৩ তারিখের মধ্যে ০৫টি (নেমস চালুকৃত) নার্সিং শিক্ষা প্রতিষ্ঠানকে 'সেন্টার অব এক্সেলেন্স' এ রুপান্তরকরণে চূড়ান্ত এসেসমেন্ট চালুকরণ।

প্রস্তাবনা (Preamble)

মন্ত্রণালয়/বিভাগসমূহ এবং আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০৪১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়-এর দায়িত্বে নিয়োজিত মাননীয় মন্ত্রী, প্রতিনিধি হিসাবে সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

এবং

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিনিধি হিসাবে মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ-এর মধ্যে ২০২২ সালের ..... মাসের ..... তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

সেকশন ১

মন্ত্রণালয়/বিভাগের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি

১.১ রূপকল্প (Vision)

সকলের জন্য মানসম্মত স্বাস্থ্য শিক্ষা এবং সাশ্রয়ী পরিবার পরিকল্পনা সেবা।

১.২ অভিলক্ষ্য (Mission)

স্বাস্থ্য, জনসংখ্যা ও পুষ্টি খাতের উন্নয়নের মাধ্যমে মানসম্মত স্বাস্থ্য শিক্ষা এবং সবার জন্য সাশ্রয়ী ও গুণগত পরিবার পরিকল্পনা সেবা।

১.৩ কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives)

১.৩.১ মন্ত্রণালয়/বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ

১. মানসম্মত স্বাস্থ্য শিক্ষার সুযোগ সম্প্রসারণ
২. অবকাঠামো সম্প্রসারণ, মেরামত ও পরিদর্শন
৩. পরিবার পরিকল্পনা বিভাগে গতিশীলতা আনয়ন, সার্বজনীন পরিবার পরিকল্পনা সেবা এবং মা, শিশু ও প্রজনন স্বাস্থ্য সেবার সম্প্রসারণ ও প্রচার কার্যক্রম
৪. গবেষণা ও প্রশিক্ষণের সুযোগ সম্প্রসারণ

১.৩.২ আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ

১. সংস্কার ও সুশাসনমূলক কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ

১.৪ কার্যাবলি (Functions)

১. স্বাস্থ্য শিক্ষা ও পরিবার পরিকল্পনা সংক্রান্ত যুগোপযোগী আইন, বিধি ও নীতিমালা প্রণয়ন এবং বাস্তবায়ন;
২. চিকিৎসা শিক্ষা সংক্রান্ত যুগোপযোগী আইন, বিধি ও নীতিমালা প্রণয়ন এবং বাস্তবায়ন
৩. জনসংখ্যা নিয়ন্ত্রণ, চিকিৎসা শিক্ষা, নার্সিং শিক্ষা, জাতীয় জনসংখ্যা ও স্বাস্থ্য বিষয়ক গবেষণা ও প্রশিক্ষণ সংক্রান্ত কার্যাবলী
৪. স্বাস্থ্য ও পরিবার কল্যাণ সংক্রান্ত স্থাপনা, সেবা ইনস্টিটিউট ও কলেজ নির্মাণ এবং রক্ষণাবেক্ষণ ও সম্প্রসারণ
৫. স্বাস্থ্য, পুষ্টি ও পরিবার পরিকল্পনা সেবা প্রদান এবং জনগণের প্রত্যাশিত সেবার পরিধি সম্প্রসারণ
৬. শিশু ও মাতৃ স্বাস্থ্য সেবাএবং পুষ্টি উন্নয়ন কর্মসূচি বাস্তবায়ন

সেকশন ২
বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)

চূড়ান্ত ফলাফল/প্রভাব	কর্মসম্পাদন সূচকসমূহ	একক	প্রকৃত অর্জন ২০২০-২১	প্রকৃত অর্জন* ২০২১-২২	লক্ষ্যমাত্রা ২০২২-২৩	প্রক্ষেপণ		নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থাসমূহের নাম	উপাত্তসূত্র
						২০২৩-২০২৪	২০২৪-২০২৫		
শিশু মৃত্যু (হ্রাস) (পাঁচ বছরের কম বয়সী) ২০২৫ সালের টার্গেট- ২৭	শিশু মৃত্যু হার (হ্রাস)	প্রতি হাজারে	২৮	২৮	২৭.২৫	২৭.১২	২৭	স্থানীয় সরকার বিভাগ, স্বাস্থ্য সেবা বিভাগ এবং স্বাস্থ্য অধিদপ্তর	৮ম পঞ্চবার্ষিকী পরিকল্পনা (অর্থ বিভাগ প্রণিত খসড়া- মার্চ/২০২২ এর পৃষ্ঠা নং-৫৮২), ৮ম পঞ্চবার্ষিকী পরিকল্পনা (অধ্যায় ১০, পৃ: ৫২২ এ দেয় ২০২৫ সালের টার্গেট অর্জনের নিমিত্ত), বিএসভিএস২০২০, বিবিএস-২০১৭, এসভিআরএস ২০১৯, ইউনিসেফ, আরপিআইপি; ভলিউম-১, এমআইএস (ডিজিএইচএস), এমআইএস (ডিজিএফপি)
মাতৃ মৃত্যু (হ্রাস) ২০২৫ সালের টার্গেট- ১০০	মাতৃ মৃত্যু অনুপাত	প্রতি লক্ষে	১৬৫	১৬৩	১৪৫	১২৫	১০০	স্থানীয় সরকার বিভাগ, স্বাস্থ্য সেবা বিভাগ এবং স্বাস্থ্য অধিদপ্তর	বিডিএইচএস ২০১৪, বিবিএস-২০১৭ এসভিআরএস ২০২০, ইউনিসেফ, আরপিআইপি; ভলিউম-১, এমআইএস (ডিজিএইচএস), এমআইএস (ডিজিএফপি), ৮ম পঞ্চবার্ষিকী পরিকল্পনা (অধ্যায় ১০, পৃ: ৫২২ এ দেয় ২০২৫ সালের টার্গেট অর্জনের নিমিত্ত)
মোট প্রজনন হার (TFR) (হ্রাস) ২০২৫ সালের টার্গেট- ২.০	মোট প্রজনন হার (TFR)	প্রতি মহিলা	২.০৪	২.০৪	২.০২	২০.১	২.০	স্থানীয় সরকার বিভাগ, স্বাস্থ্য সেবা বিভাগ এবং স্বাস্থ্য অধিদপ্তর	৮ম পঞ্চবার্ষিকী পরিকল্পনা (অর্থ বিভাগ প্রণিত খসড়া- মার্চ/২০২২ এর পৃষ্ঠা নং-৫৮২), ৮ম পঞ্চবার্ষিকী পরিকল্পনা (অধ্যায় ১০, পৃ: ৫২২ এ দেয় ২০২৫ সালের টার্গেট অর্জনের নিমিত্ত), বিডিএইচএস ২০১৪, বিবিএস-২০১৭ এসভিআরএস ২০১৯, ইউনিসেফ, আরপিআইপি; ভলিউম-১, এমআইএস (ডিজিএইচএস), এমআইএস (ডিজিএফপি)
পরিবার পরিকল্পনা পদ্ধতি ব্যবহার ২০২৫ সালের টার্গেট- ৭৫	পদ্ধতি ব্যবহারকারীর হার	প্রতি শতকে	৬৩.০৪	৬৩.৯	৭০	৭২	৭৫	স্বাস্থ্য সেবা বিভাগ এবং স্বাস্থ্য অধিদপ্তর	বিডিএইচএস ২০১৪, বিবিএস-২০১৭ এসভিআরএস ২০২০, ইউনিসেফ, আরপিআইপি; ভলিউম-১, এমআইএস (ডিজিএইচএস), এমআইএস (ডিজিএফপি), ৮ম পঞ্চবার্ষিকী পরিকল্পনা (অধ্যায় ১০, পৃ: ৫২২ এ দেয় ২০২৫ সালের টার্গেট অর্জনের নিমিত্ত)

*সাময়িক (provisional) তথ্য

সেকশন ৩
কর্মসম্পাদন পরিকল্পনা

কৌশলগত উদ্দেশ্য	কৌশলগত উদ্দেশ্যের মান	কার্যক্রম	কর্মসম্পাদন সূচক	গণনা পদ্ধতি	একক	কর্মসম্পাদন সূচকের মান	প্রকৃত অর্জন ২০২০-২১	প্রকৃত অর্জন* ২০২১-২২	লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২২-২৩					প্রক্ষেপণ ২০২৩-২০২৪	প্রক্ষেপণ ২০২৪-২০২৫
									অসাধারণ	অতি উত্তম	উত্তম	চলতি মান	চলতি মানের নিম্নে		
									১০০%	৯০%	৮০%	৭০%	৬০%		
মন্ত্রণালয়/বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ															
[১] মানসম্মত স্বাস্থ্য শিক্ষার সুযোগ সম্প্রসারণ	২৫	[১.১] চিকিৎসা শিক্ষা ও গবেষণার মানোন্নয়ন ও সুযোগ সম্প্রসারণ	[১.১.১] ১৪টি সরকারি মেডিকেল কলেজ-এ ক্রিটিক্যাল কেয়ার বিষয়ে পূর্ণাঙ্গ পদ সৃজনকৃত	তারিখ	তারিখ	৩			০৮.০৬.২৩	২০.০৬.২৩	২৯.০৬.২৩				
			[১.১.২] বঙ্গবন্ধু মেডিকেল কলেজ, সুনামগঞ্জ-এ পূর্ণাঙ্গ পদ সৃজনকৃত	তারিখ	তারিখ	৩			২৮.১২.২২	১৫.০১.২৩	০২.০২.২৩				
			[১.১.৩] চিকিৎসকদের উচ্চ শিক্ষা ও প্রশিক্ষণের নিমিত্ত ডেপুটেশন প্রদানকৃত	সমষ্টি	সংখ্যা	২		৫০০	১০০০	৯৫০	৮০০			১০৫০	১১০০
			[১.১.৪] ০২টি নার্সিং কলেজের পদ সৃজনের লক্ষ্যে জনপ্রশাসন মন্ত্রণালয়ের সম্মতি গৃহীত	তারিখ	তারিখ	২			১৫.০৫.২৩	২০.০৬.২৩	২৯.০৬.২৩				
			[১.১.৫] ০৫টি (নেমস চালুকৃত) নার্সিং শিক্ষা প্রতিষ্ঠানকে 'সেন্টার অব এক্সেলেন্স' এ রুপান্তরকরণে ১ম এসেসমেন্ট চালুকরণ	তারিখ	তারিখ	২			১৫.১১.২২	২২.১২.২২	১৫.০১.২৩				
			[১.১.৬] ০৫টি (নেমস চালুকৃত) নার্সিং শিক্ষা প্রতিষ্ঠানকে 'সেন্টার অব এক্সেলেন্স' এ রুপান্তরকরণে চূড়ান্ত এসেসমেন্ট চালুকরণ	তারিখ	তারিখ	২			১০.০৪.২৩	১০.০৫.২৩	৩১.০৫.২৩				

কৌশলগত উদ্দেশ্য	কৌশলগত উদ্দেশ্যের মান	কার্যক্রম	কর্মসম্পাদন সূচক	গণনা পদ্ধতি	একক	কর্মসম্পাদন সূচকের মান	প্রকৃত অর্জন ২০২০-২১	প্রকৃত অর্জন* ২০২১-২২	লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২২-২৩					প্রক্ষেপণ ২০২৩-২০২৪	প্রক্ষেপণ ২০২৪-২০২৫
									অসাধারণ	অতি উত্তম	উত্তম	চলতি মান	চলতি মানের নিম্নে		
									১০০%	৯০%	৮০%	৭০%	৬০%		
মন্ত্রণালয়/বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ															
			[১.১.৭] সরকারি হোমিওপ্যাথিক মেডিকেল কলেজ হাসপাতাল, মিরপুর, ঢাকা-এর ১৮টি পদ স্থায়ী করণের লক্ষ্যে অর্থ বিভাগে প্রেরিত	তারিখ	তারিখ	১			১৫.০২.২৩	২০.০৩.২৩	২০.০৪.২৩			৬	৮
		[১.২] স্বাস্থ্য শিক্ষার উন্নয়নে আইন, বিধিমালা, নীতিমালা প্রণয়ন/হালনাগাদকরণ	[১.২.১] বাংলাদেশ চিকিৎসা শিক্ষা অ্যাক্রেডিটেশন আইন, ২০২০ জাতীয় সংসদে প্রেরিত	তারিখ	তারিখ	৩			১৫.০৬.২৩	২০.০৬.২৩	২৯.০৬.২৩				
			[১.২.২] বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয় (সংশোধন) আইন, ২০২২ মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরিত	তারিখ	তারিখ	৩			১৫.০৬.২৩	২০.০৬.২৩	২৯.০৬.২৩				
			[১.২.৩] 'বাংলাদেশ অ্যালাইড হেলথ শিক্ষা বোর্ড আইন-২০২২' এর খসড়া মন্ত্রিসভায় নীতিগত অনুমোদনের জন্য প্রেরিত	তারিখ	তারিখ	২			১৫.০৬.২৩	২০.০৬.২৩	২৯.০৬.২৩				
			[১.২.৪] 'বাংলাদেশ চিকিৎসা গবেষণা পরিষদ আইন, ২০২২' এর খসড়া জনপ্রশাসন মন্ত্রণালয়ের বাংলা ভাষা বাস্তবায়ন কোষ (বাবাকো) এ প্রেরিত	তারিখ	তারিখ	২			১৫.০৬.২৩	২০.০৬.২৩	২৯.০৬.২৩				

কৌশলগত উদ্দেশ্য	কৌশলগত উদ্দেশ্যের মান	কার্যক্রম	কর্মসম্পাদন সূচক	গণনা পদ্ধতি	একক	কর্মসম্পাদন সূচকের মান	প্রকৃত অর্জন ২০২০-২১	প্রকৃত অর্জন* ২০২১-২২	লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২২-২৩					প্রক্ষেপণ ২০২৩-২০২৪	প্রক্ষেপণ ২০২৪-২০২৫
									অসাধারণ	অতি উত্তম	উত্তম	চলতি মান	চলতি মানের নিম্নে		
									১০০%	৯০%	৮০%	৭০%	৬০%		
মন্ত্রণালয়/বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ															
[২] অবকাঠামো সম্প্রসারণ, মেরামত ও পরিদর্শন	২০	[২.১] বিভিন্ন স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ স্থাপনা নির্মাণ নিশ্চিতকরণ	[২.১.১] নির্মিত ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র	ক্রমপুঞ্জিভূত	সংখ্যা	৩	৩৩৫৮	৩৩৭৩	৩৩৮১	৩৩৭৮	৩৩৭৪			৩৩৯০	৩৪০০
			[২.১.২] নির্মিত ১০ শয্যা বিশিষ্ট মা ও শিশু কল্যাণ কেন্দ্র	ক্রমপুঞ্জিভূত	সংখ্যা	৩	১২২	১৩৫	১৪৫	১৪২	১৪০			১৫৫	১৬৫
			[২.১.৩] নির্মিত ম্যাটস	ক্রমপুঞ্জিভূত	সংখ্যা	৩	৯	১৩	১৫	১৪				১৬	১৭
			[২.১.৪] নির্মিত নার্সিং কলেজ	ক্রমপুঞ্জিভূত	সংখ্যা	৩	১৩	১৪	১৫					১৬	১৭
			[২.১.৫] নির্মিত আই এইচ টি	ক্রমপুঞ্জিভূত	সংখ্যা	৩	১৩	১৫	১৭	১৬				১৮	২০
		[২.২] স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ স্থাপনার মেরামতজনিত সংস্কার নিশ্চিতকরণ	[২.২.১] প্রতি বছরে মেরামতকৃত স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ স্থাপনা	সমষ্টি	সংখ্যা	৩			২০০	১৫০	১৩০			২৫০	৩০০
		[২.৩] স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের আওতাধীন বিভিন্ন স্থাপনা পরিদর্শন	[২.৩.১] পরিদর্শনকৃত স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ স্থাপনা (স্থাপনা পরিদর্শন)	সমষ্টি	সংখ্যা	২	৮০	১০০	১১০	১০৬	১০২			১২০	১৩০

কৌশলগত উদ্দেশ্য	কৌশলগত উদ্দেশ্যের মান	কার্যক্রম	কর্মসম্পাদন সূচক	গণনা পদ্ধতি	একক	কর্মসম্পাদন সূচকের মান	প্রকৃত অর্জন ২০২০-২১	প্রকৃত অর্জন* ২০২১-২২	লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২২-২৩					প্রক্ষেপণ ২০২৩-২০২৪	প্রক্ষেপণ ২০২৪-২০২৫
									অসাধারণ	অতি উত্তম	উত্তম	চলতি মান	চলতি মানের নিম্নে		
									১০০%	৯০%	৮০%	৭০%	৬০%		
মন্ত্রণালয়/বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ															
[৩] পরিবার পরিকল্পনা বিভাগে গতিশীলতা আনয়ন, সার্বজনীন পরিবার পরিকল্পনা সেবা এবং মা, শিশু ও প্রজনন স্বাস্থ্য সেবার সম্প্রসারণ ও প্রচার কার্যক্রম	১৫	[৩.১] পরিবার পরিকল্পনা সেক্টরে গতিশীলতা আনয়ন	[৩.১.১] ক্যাডার বহির্ভূত হিসেবে সৃজিত পরিবার পরিকল্পনা অধিদপ্তরাধীন বিভিন্ন পদ বিসিএস (পরিবার পরিকল্পনা) ক্যাডার পদ হিসেবে সৃজনের লক্ষ্যে জনপ্রশাসন মন্ত্রণালয়ের প্রস্তাব প্রেরিত	তারিখ	তারিখ	২			১৫.০৬.২৩	২০.০৬.২৩	২৯.০৬.২৩				
			[৩.১.২] পরিবার পরিকল্পনা অধিদপ্তরাধীন সহকারী পরিচালক ও উপপরিচালক পদে পদোন্নতির লক্ষ্যে ০২টি ডিপিসি'র সভা অনুষ্ঠিত	তারিখ	তারিখ	২			১৫.০৬.২৩	২০.০৬.২৩	২৯.০৬.২৩				
			[৩.১.৩] পরিবার পরিকল্পনা অধিদপ্তরাধীন নন-ক্যাডার কর্মচারী নিয়োগ বিধিমালা, ২০২২ প্রণয়নের লক্ষ্যে জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরিত	তারিখ	তারিখ	১			১৫.০৬.২৩	২০.০৬.২৩	২৯.০৬.২৩				

কৌশলগত উদ্দেশ্য	কৌশলগত উদ্দেশ্যের মান	কার্যক্রম	কর্মসম্পাদন সূচক	গণনা পদ্ধতি	একক	কর্মসম্পাদন সূচকের মান	প্রকৃত অর্জন ২০২০-২১	প্রকৃত অর্জন* ২০২১-২২	লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২২-২৩					প্রক্ষেপণ ২০২৩-২০২৪	প্রক্ষেপণ ২০২৪-২০২৫
									অসাধারণ	অতি উত্তম	উত্তম	চলতি মান	চলতি মানের নিম্নে		
									১০০%	৯০%	৮০%	৭০%	৬০%		
মন্ত্রণালয়/বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমুহ															
		[৩.২] পরিবার পরিকল্পনা সেবা সম্প্রসারণ এবং তত্ত্বাবধান জোরদারকরণ	[৩.২.১] প্রশিক্ষণপ্রাপ্ত কর্মী দ্বারা গর্ভকালীন সেবার সংখ্যা বৃদ্ধি	সমষ্টি	হাজার	২	২১৩৪	২৮৯০	২৯০০	২৮৯৬	২৮৯৩			২৯১০	২৯২০
			[৩.২.২] তৃণমূল পর্যায়ে স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা সেবা সম্প্রসারণের লক্ষ্যে স্থানীয় এনজিওসমূহকে অনুদান প্রদানকৃত	সমষ্টি	সংখ্যা	২	৫০০	৫২০	৫৫০	৫৪০	৫৩০			৫৮০	৬০০
			[৩.২.৩] বিটিভির জনসংখ্যা সেলের মাধ্যমে পরিবার পরিকল্পনা, মা ও শিশু স্বাস্থ্য বিষয়ক কার্যক্রম প্রচারকৃত	সমষ্টি	দিন	২	১৯৮	২৫০	২৬০	২৫৭	২৫৫			২৬৫	২৬৭

কৌশলগত উদ্দেশ্য	কৌশলগত উদ্দেশ্যের মান	কার্যক্রম	কর্মসম্পাদন সূচক	গণনা পদ্ধতি	একক	কর্মসম্পাদন সূচকের মান	প্রকৃত অর্জন ২০২০-২১	প্রকৃত অর্জন* ২০২১-২২	লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২২-২৩					প্রক্ষেপণ ২০২৩-২০২৪	প্রক্ষেপণ ২০২৪-২০২৫
									অসাধারণ	অতি উত্তম	উত্তম	চলতি মান	চলতি মানের নিম্নে		
									১০০%	৯০%	৮০%	৭০%	৬০%		
মন্ত্রণালয়/বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ															
			[৩.২.৪] মাঠ পর্যায়ে বাস্তবায়িত পরিবার পরিকল্পনা এবং মা ও শিশু স্বাস্থ্য সেবার অগ্রগতির মনিটরিং কর্মশালা অনুষ্ঠিত	সমষ্টি	সংখ্যা	২			৫০	৪০	৩০			৬০	৭০
		[৩.৩] গর্ভবতী মা এবং কৈশোরকালীন ও শিশু স্বাস্থ্য সেবার পরিধি বৃদ্ধি	[৩.৩.১] প্রাতিষ্ঠানিক ডেলিভারির সংখ্যা (এমসিডব্লিউসি এবং ইউএইচএন্ডএফডব্লিউসি)	গড়	শতকরা	১		১১.৭৭	১২	১১.৯০	১১.৮০			১২.১০	১২.১৫
			[৩.৩.২] উপজেলা পর্যায়ে পুষ্টি, প্রজনন স্বাস্থ্য ও কৈশোরকালীন স্বাস্থ্যসেবা বিষয়ে ৮ম-১০ম শ্রেণীর ছাত্র-ছাত্রীদের নিয়ে সচেতনতামূলক কর্মশালা অনুষ্ঠিত	সমষ্টি	সংখ্যা	১			৩০	২৭	২৪			৩৫	৪০

কৌশলগত উদ্দেশ্য	কৌশলগত উদ্দেশ্যের মান	কার্যক্রম	কর্মসম্পাদন সূচক	গণনা পদ্ধতি	একক	কর্মসম্পাদন সূচকের মান	প্রকৃত অর্জন ২০২০-২১	প্রকৃত অর্জন* ২০২১-২২	লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২২-২৩					প্রক্ষেপণ ২০২৩-২০২৪	প্রক্ষেপণ ২০২৪-২০২৫
									অসাধারণ	অতি উত্তম	উত্তম	চলতি মান	চলতি মানের নিম্নে		
									১০০%	৯০%	৮০%	৭০%	৬০%		
মন্ত্রণালয়/বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ															
[৪] গবেষণা ও প্রশিক্ষণের সুযোগ সম্প্রসারণ	১০	[৪.১] প্রশিক্ষণ প্রদান	[৪.১.১] বিভাগের কর্মকর্তা/কর্মচারীগণের স্বাস্থ্য শিক্ষা বিষয়ক "দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ"	সমষ্টি	জনঘণ্টা	২			১৪	১২	১০			১৬	১৮
			[৪.১.২] বিভাগের কর্মকর্তা/কর্মচারীগণের সক্ষমতা উন্নয়নে সমসাময়িক বিষয় নিয়ে অনুষ্ঠিত লার্নিং সেশন	সমষ্টি	সংখ্যা	২		৪	৫	৪	৩			৬	৭
			[৪.১.৩] টিচিং মেথডোলজী বিষয়ে প্রশিক্ষিত সরকারী মেডিকেল কলেজের শিক্ষক	সমষ্টি	সংখ্যা	২			৩০০	২৭০	২৪০			৩৩০	৩৬০
			[৪.১.৪] ই বি পি বিষয়ে প্রশিক্ষণপ্রাপ্ত মিডওয়াইফ ও নার্স	ক্রমপুঞ্জিভূত	শতকরা	১		১.৮	১.৯৫	১.৯০	১.৮৫			২.০	২.১৫
			[৪.১.৫] প্রসব পরবর্তী পরিচর্যা বিষয়ক প্রশিক্ষিত নার্স ও মিডওয়াইফ-এর সংখ্যা বৃদ্ধি	সমষ্টি	সংখ্যা	১			৯০	৮০	৭০			১০০	১২০
		[৪.২] গবেষণা সম্পাদন ও প্রকাশ	[৪.২.১] বিভিন্ন মেডিকেল বিশ্ববিদ্যালয় ও মেডিকেল/ডেন্টাল কলেজে সম্পাদিত গবেষণাপত্র	সমষ্টি	সংখ্যা	১			৫	৪	৩			৬	৭
			[৪.২.২] সার্ভে/গবেষণা/সমীক্ষা প্রতিবেদন প্রকাশিত	সমষ্টি	সংখ্যা	১			৬	৫	৪			৭	৮

কৌশলগত উদ্দেশ্য	কৌশলগত উদ্দেশ্যের মান	কার্যক্রম	কর্মসম্পাদন সূচক	গণনা পদ্ধতি	একক	কর্মসম্পাদন সূচকের মান	প্রকৃত অর্জন ২০২০-২১	প্রকৃত অর্জন* ২০২১-২২	লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২২-২৩					প্রক্ষেপণ ২০২৩-২০২৪	প্রক্ষেপণ ২০২৪-২০২৫
									অসাধারণ	অতি উত্তম	উত্তম	চলতি মান	চলতি মানের নিম্নে		
									১০০%	৯০%	৮০%	৭০%	৬০%		
আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ															
[১] সংস্কার ও সুশাসনমূলক কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ	৩০	[১.১] শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়ন	[১.১.১] শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়িত	ক্রমপুঞ্জিভূত	প্রাপ্ত নম্বর	১০									
		[১.২] ই-গভর্ন্যান্স/ উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন	[১.২.১] ই-গভর্ন্যান্স/ উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়িত	ক্রমপুঞ্জিভূত	প্রাপ্ত নম্বর	১০									
		[১.৩] অভিযোগ প্রতিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন	[১.৩.১] অভিযোগ প্রতিকার কর্মপরিকল্পনা বাস্তবায়িত	ক্রমপুঞ্জিভূত	প্রাপ্ত নম্বর	৪									
		[১.৪] সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন	[১.৪.১] সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়িত	ক্রমপুঞ্জিভূত	প্রাপ্ত নম্বর	৩									
		[১.৫] তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন	[১.৫.১] তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়িত	ক্রমপুঞ্জিভূত	প্রাপ্ত নম্বর	৩									

*সাময়িক (provisional) তথ্য

আমি, সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় মাননীয় মন্ত্রী, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়-এর প্রতিনিধি হিসাবে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিনিধি মন্ত্রিপরিষদ সচিবের নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনে সচেষ্ট থাকব।

আমি, মন্ত্রিপরিষদ সচিব, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিনিধি হিসাবে সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়-এর নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত:

.....	.....
সচিব স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়	তারিখ
.....	.....
মন্ত্রিপরিষদ সচিব মন্ত্রিপরিষদ বিভাগ	তারিখ

সংযোজনী-১

ক্রমিক নম্বর	শব্দসংক্ষেপ (Acronyms)	বিবরণ
১	আই এইচ টি (IHT)	আই এইচ টি (Institute of Health Technology)
২	ইউএইচএন্ডএফডব্লিউসি (UH&FWC)	ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র (ইউএন্ডএফডব্লিউসি) Union Health and Family Welfare Centre
৩	ই এম আই এস (EMIS)	ইলেক্ট্রনিক ম্যানেজমেন্ট ইনফরমেশন সিস্টেম (Electronic Management Information System)
৪	ইবিপি (EBP)	এভিডেন্স বেইজড প্রাকটিস (Evidence Based Practice)
৫	(এইচপিএনএসডিপি) HPNSDP	(HPNSDP) Health, Population and Nutrition Sector Development Program
৬	এফ ডাব্লিউ এ (FWA)	পরিবার কল্যাণ সহকারী (Family Welfare Assistant)
৭	এমআইএস (MIS)	তথ্য ব্যবস্থাপনা পদ্ধতি (Management Information Systems)
৮	এমসিডব্লিউসি (MCWC)	মা ও শিশু স্বাস্থ্য সেবা কেন্দ্র (এমসিডব্লিউসি) Maternal and Child Health Care Centre
৯	এস ভি আর এস (SVRS)	এস ভি আর এস (Sample Vital Registration System)
১০	টিএফআর (TFR)	মোট প্রজনন হার (Total Fertility Rate)
১১	ডিজিএইচএস (DGHS)	স্বাস্থ্য অধিদপ্তর (Directorate General of Health Services)
১২	ডিজিএফপি (DGFP)	পরিবার পরিকল্পনা অধিদপ্তর (Directorate General of Family Planning)
১৩	নেমস (NEMS)	নার্সিং এন্ড মিডওয়াইফারি এডুকেশন ম্যানেজমেন্ট সিস্টেম (Nursing and Midwifery Education Management System)
১৪	ম্যাটস (MATS)	ম্যাটস (Medical Assistant Training School)
১৫	সি সি (C C)	কমিউনিটি ক্লিনিক (Community Clinic)

সংযোজনী ২: কর্মসম্পাদন ব্যবস্থাপনা ও প্রমাণক

কার্যক্রম	কর্মসম্পাদন সূচকসমূহ	বাস্তবায়নকারী অনুবিভাগ, অধিশাখা, শাখা	লক্ষ্যমাত্রা অর্জনের প্রমাণক
[১.১] চিকিৎসা শিক্ষা ও গবেষণার মানোন্নয়ন ও সুযোগ সম্প্রসারণ	[১.১.১] ১৪টি সরকারি মেডিকেল কলেজ-এ ক্রিটিক্যাল কেয়ার বিষয়ে পূর্ণাঙ্গ পদ সৃজনকৃত	পার-১	সরকারি আদেশের কপিসমূহ
	[১.১.২] বঙ্গবন্ধু মেডিকেল কলেজ, সুনামগঞ্জ-এ পূর্ণাঙ্গ পদ সৃজনকৃত	পার-১	সরকারি আদেশের কপিসমূহ
	[১.১.৩] চিকিৎসকদের উচ্চ শিক্ষা ও প্রশিক্ষণের নিমিত্ত ডেপুটেশন প্রদানকৃত	চিকিৎসা শিক্ষা-১	সরকারি আদেশের কপিসমূহ
[১.১] চিকিৎসা শিক্ষা ও গবেষণার মানোন্নয়ন ও সুযোগ সম্প্রসারণ	[১.১.৪] ০২টি নার্সিং কলেজের পদ সৃজনের লক্ষ্যে জনপ্রশাসন মন্ত্রণালয়ের সম্মতি গৃহীত	পার-৩	পত্র প্রেরণের কপি
	[১.১.৫] ০৫টি (নেমস চালুকৃত) নার্সিং শিক্ষা প্রতিষ্ঠানকে 'সেন্টার অব এক্সেলেন্স' এ রুপান্তরকরণে ১ম এসেসমেন্ট চালুকরণ	নার্সিং অধিশাখায় অবহিত ও অনুমোদনপূর্বক নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর কর্তৃক সম্পাদিত	সরকারি আদেশের কপিসমূহ
	[১.১.৬] ০৫টি (নেমস চালুকৃত) নার্সিং শিক্ষা প্রতিষ্ঠানকে 'সেন্টার অব এক্সেলেন্স' এ রুপান্তরকরণে চূড়ান্ত এসেসমেন্ট চালুকরণ	নার্সিং অধিশাখায় অবহিত ও অনুমোদনপূর্বক নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর কর্তৃক সম্পাদিত	সরকারি আদেশের কপিসমূহ
[১.১] চিকিৎসা শিক্ষা ও গবেষণার মানোন্নয়ন ও সুযোগ সম্প্রসারণ	[১.১.৭] সরকারি হোমিওপ্যাথিক মেডিকেল কলেজ হাসপাতাল, মিরপুর, ঢাকা-এর ১৮টি পদ স্থায়ী করণের লক্ষ্যে অর্থ বিভাগে প্রেরিত	পার-৩	পত্র প্রেরণের কপি
[১.২] স্বাস্থ্য শিক্ষার উন্নয়নে আইন, বিধিমালা, নীতিমালা প্রণয়ন/হালনাগাদকরণ	[১.২.১] বাংলাদেশ চিকিৎসা শিক্ষা অ্যাক্রেডিটেশন আইন, ২০২০ জাতীয় সংসদে প্রেরিত	চিকিৎসা শিক্ষা-১	পত্র প্রেরণের কপি
	[১.২.২] বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয় (সংশোধন) আইন, ২০২২ মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরিত	চিকিৎসা শিক্ষা-১	পত্র প্রেরণের কপি
[১.২] স্বাস্থ্য শিক্ষার উন্নয়নে আইন, বিধিমালা, নীতিমালা প্রণয়ন/হালনাগাদকরণ	[১.২.৩] 'বাংলাদেশ অ্যালাইড হেলথ শিক্ষা বোর্ড আইন-২০২২' এর খসড়া মন্ত্রিসভায় নীতিগত অনুমোদনের জন্য প্রেরিত	নীতি ও কার্যক্রম শাখা	পত্র প্রেরণের কপি
	[১.২.৪] 'বাংলাদেশ চিকিৎসা গবেষণা পরিষদ আইন, ২০২২' এর খসড়া জনপ্রশাসন মন্ত্রণালয়ের বাংলা ভাষা বাস্তবায়ন কোষ (বাবাকো) এ প্রেরিত	নীতি ও কার্যক্রম শাখা	পত্র প্রেরণের কপি
[২.১] বিভিন্ন স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ স্থাপনা নির্মাণ নিশ্চিতকরণ	[২.১.১] নির্মিত ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র	নির্মাণ শাখার অবহিত ও অনুমোদনপূর্বক স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর দ্বারা সম্পাদিত	কার্যপত্র এবং হস্তান্তর পত্রের অনুমোদিত এবং স্বাক্ষারিত কপি
[২.১] বিভিন্ন স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ স্থাপনা নির্মাণ নিশ্চিতকরণ	[২.১.২] নির্মিত ১০ শয্যা বিশিষ্ট মা ও শিশু কল্যাণ কেন্দ্র	নির্মাণ শাখার অবহিত ও অনুমোদনপূর্বক স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর দ্বারা সম্পাদিত	কার্যপত্র এবং হস্তান্তর পত্রের অনুমোদিত এবং স্বাক্ষারিত কপি
	[২.১.৩] নির্মিত ম্যাটস	নির্মাণ শাখার অবহিত ও অনুমোদনপূর্বক স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর দ্বারা সম্পাদিত	কার্যপত্র ও হস্তান্তর পত্রের অনুমোদিত এবং স্বাক্ষারিত কপি
	[২.১.৪] নির্মিত নার্সিং কলেজ	নির্মাণ শাখার অবহিত ও অনুমোদনপূর্বক স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর দ্বারা সম্পাদিত	কার্যপত্র ও হস্তান্তর পত্রের অনুমোদিত এবং স্বাক্ষারিত কপি

কার্যক্রম	কর্মসম্পাদন সূচকসমূহ	বাস্তবায়নকারী অনুবিভাগ, অধিশাখা, শাখা	লক্ষ্যমাত্রা অর্জনের প্রমাণক
[২.১] বিভিন্ন স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ স্থাপনা নির্মাণ নিশ্চিতকরণ	[২.১.৫] নির্মিত আই এইচ টি	নির্মাণ শাখার অবহিত ও অনুমোদনপূর্বক স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর দ্বারা সম্পাদিত	কার্যপত্র ও হস্তান্তর পত্রের অনুমোদিত এবং স্বাক্ষারিত কপি
[২.২] স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ স্থাপনার মেরামতজনিত সংস্কার নিশ্চিতকরণ	[২.২.১] প্রতি বছরে মেরামতকৃত স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ স্থাপনা	মেরামত শাখা	সরকারি আদেশের কপি
[২.৩] স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের আওতাধীন বিভিন্ন স্থাপনা পরিদর্শন	[২.৩.১] পরিদর্শনকৃত স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ স্থাপনা (স্থাপনা পরিদর্শন)	সকল শাখা	পরিদর্শন প্রতিবেদন এবং সামারি শীট
[৩.১] পরিবার পরিকল্পনা সেক্টরে গতিশীলতা আনয়ন	[৩.১.১] ক্যাডার বহির্ভূত হিসেবে সৃজিত পরিবার পরিকল্পনা অধিদপ্তরাধীন বিভিন্ন পদ বিসিএস (পরিবার পরিকল্পনা) ক্যাডার পদ হিসেবে সৃজনের লক্ষ্যে জনপ্রশাসন মন্ত্রণালয়ের প্রস্তাব প্রেরিত	পার-২	প্রস্তাব প্রেরণের কপি
	[৩.১.২] পরিবার পরিকল্পনা অধিদপ্তরাধীন সহকারী পরিচালক ও উপপরিচালক পদে পদোন্নতির লক্ষ্যে ০২টি ডিপিসি'র সভা অনুষ্ঠিত	পার-২	সভার নোটিশ এবং কার্যপত্র
	[৩.১.৩] পরিবার পরিকল্পনা অধিদপ্তরাধীন নন-ক্যাডার কর্মচারী নিয়োগ বিধিমালা, ২০২২ প্রণয়নের লক্ষ্যে জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরিত	পার-২	পত্র প্রেরণের কপি
[৩.২] পরিবার পরিকল্পনা সেবা সম্প্রসারণ এবং তত্ত্বাবধান জোরদারকরণ	[৩.২.১] প্রশিক্ষণপ্রাপ্ত কর্মী দ্বারা গর্ভকালীন সেবার সংখ্যা বৃদ্ধি	প্রশাসন অধিশাখায় অবহিত ও অনুমোদনপূর্বক পরিবার পরিকল্পনা অধিদপ্তর কর্তৃক সম্পাদিত	ইএমআইএস রির্পোট, বিভাগের কার্যবিবরণী দ্বারা অনুমোদিত
	[৩.২.২] তৃণমূল পর্যায়ে স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা সেবা সম্প্রসারণের লক্ষ্যে স্থানীয় এনজিওসমূহকে অনুদান প্রদানকৃত	বাজেট শাখা	সরকারি আদেশের কপি
	[৩.২.৩] বিটিভির জনসংখ্যা সেলের মাধ্যমে পরিবার পরিকল্পনা, মা ও শিশু স্বাস্থ্য বিষয়ক কার্যক্রম প্রচারকৃত	প্রশাসন অধিশাখায় অবহিত ও অনুমোদনপূর্বক পরিবার পরিকল্পনা অধিদপ্তর কর্তৃক সম্পাদিত	ইএমআইএস রির্পোট ও প্রচার বিবরণীর স্বাক্ষরিত কপি এবং বিভাগের কার্যবিবরণী দ্বারা অনুমোদিত
[৩.২] পরিবার পরিকল্পনা সেবা সম্প্রসারণ এবং তত্ত্বাবধান জোরদারকরণ	[৩.২.৪] মাঠ পর্যায়ে বাস্তবায়িত পরিবার পরিকল্পনা এবং মা ও শিশু স্বাস্থ্য সেবার অগ্রগতির মনিটরিং কর্মশালা অনুষ্ঠিত	প্রশাসন অধিশাখায় অবহিত ও অনুমোদনপূর্বক স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ এবং পরিবার পরিকল্পনা অধিদপ্তর কর্তৃক সম্পাদিত	ইএমআইএস রির্পোট ও কর্মশালার ছবিসহ স্বাক্ষরিত বিবরণী এবং বিভাগের কার্যবিবরণী দ্বারা অনুমোদিত
[৩.৩] গর্ভবতী মা এবং কৈশোরকালীন ও শিশু স্বাস্থ্য সেবার পরিধি বৃদ্ধি	[৩.৩.১] প্রাতিষ্ঠানিক ডেলিভারির সংখ্যা (এমসিডব্লিউসি এবং ইউএইচএন্ডএফডব্লিউসি)	বিভাগ কর্তৃক অনুমোদনপূর্বক পরিবার পরিকল্পনা অধিদপ্তর কর্তৃক সম্পাদিত	ইএমআইএস রির্পোট এবং বিভাগের কার্যবিবরণী দ্বারা অনুমোদিত
	[৩.৩.২] উপজেলা পর্যায়ে পুষ্টি, প্রজনন স্বাস্থ্য ও কৈশোরকালীন স্বাস্থ্যসেবা বিষয়ে ৮ম-১০ম শ্রেণীর ছাত্র-ছাত্রীদের নিয়ে সচেতনতামূলক কর্মশালা অনুষ্ঠিত	বিভাগ কর্তৃক অনুমোদনপূর্বক পরিবার পরিকল্পনা অধিদপ্তর কর্তৃক সম্পাদিত	সরকারি আদেশের কপিসমূহ, কর্মশালার ছবি, স্বাক্ষরিত প্রতিবেদন এবং বিভাগের কার্যবিবরণী দ্বারা অনুমোদিত

কার্যক্রম	কর্মসম্পাদন সূচকসমূহ	বাস্তবায়নকারী অনুবিভাগ, অধিশাখা, শাখা	লক্ষ্যমাত্রা অর্জনের প্রমাণক
[৪.১] প্রশিক্ষণ প্রদান	[৪.১.১] বিভাগের কর্মকর্তা/কর্মচারীগণের স্বাস্থ্য শিক্ষা বিষয়ক "দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ"	প্রশাসন-১	সরকারি আদেশের কপিসমূহ এবং বিভাগের কার্যবিবরণী দ্বারা অনুমোদিত
	[৪.১.২] বিভাগের কর্মকর্তা/কর্মচারীগণের সক্ষমতা উন্নয়নে সমসাময়িক বিষয় নিয়ে অনুষ্ঠিত লার্নিং সেশন	প্রশাসন অধিশাখা	সরকারি আদেশের কপিসমূহ এবং বিভাগের কার্যবিবরণী দ্বারা অনুমোদিত
	[৪.১.৩] টিচিং মেথডোলজী বিষয়ে প্রশিক্ষিত সরকারী মেডিকেল কলেজের শিক্ষক	প্রশাসন অধিশাখায় অবহিত ও অনুমোদনপূর্বক স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর কর্তৃক সম্পাদিত	সরকারি আদেশের কপিসমূহ এবং বিভাগের কার্যবিবরণী দ্বারা অনুমোদিত
[৪.১] প্রশিক্ষণ প্রদান	[৪.১.৪] ই বি পি বিষয়ে প্রশিক্ষণপ্রাপ্ত মিডওয়াইফ ও নার্স	প্রশাসন অধিশাখায় অবহিত ও অনুমোদনপূর্বক নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর কর্তৃক সম্পাদিত	সরকারি আদেশের কপিসমূহ এবং বিভাগের কার্যবিবরণী দ্বারা অনুমোদিত
	[৪.১.৫] প্রসব পরবর্তী পরিচর্যা বিষয়ক প্রশিক্ষিত নার্স ও মিডওয়াইফ-এর সংখ্যা বৃদ্ধি	প্রশাসন অধিশাখায় অবহিত ও অনুমোদনপূর্বক নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর কর্তৃক সম্পাদিত	সরকারি আদেশের কপি এবং বিভাগের কার্যবিবরণী দ্বারা অনুমোদিত
[৪.২] গবেষণা সম্পাদন ও প্রকাশ	[৪.২.১] বিভিন্ন মেডিকেল বিশ্ববিদ্যালয় ও মেডিকেল/ডেন্টাল কলেজে সম্পাদিত গবেষণাপত্র	প্রশাসন অধিশাখায় অবহিত ও অনুমোদনপূর্বক স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর কর্তৃক সম্পাদিত	সরকারি আদেশের কপিসমূহ এবং বিভাগের কার্যবিবরণী দ্বারা অনুমোদিত
[৪.২] গবেষণা সম্পাদন ও প্রকাশ	[৪.২.২] সার্ভে/গবেষণা/সমীক্ষা প্রতিবেদন প্রকাশিত	প্রশাসন অধিশাখায় অবহিত ও অনুমোদনপূর্বক জাতীয় জনসংখ্যা গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট কর্তৃক সম্পাদিত	সরকারি আদেশের কপিসমূহ এবং বিভাগের কার্যবিবরণী দ্বারা অনুমোদিত

সংযোজনী ৩: অন্য অফিসের সঙ্গে সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচকসমূহ

কার্যক্রম	কর্মসম্পাদন সূচক	যেসকল অফিসের সাথে সংশ্লিষ্ট	সংশ্লিষ্ট অফিসের সাথে কার্যক্রম সমন্বয়ের কৌশল
বিভিন্ন স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ স্থাপনা নির্মাণ নিশ্চিতকরণ	নির্মিত ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র	স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর	বিভাগ কর্তৃক অপারেশনাল প্লান, প্রস্তাব অনুমোদন, যাচাই ও পরিদর্শন
বিভিন্ন স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ স্থাপনা নির্মাণ নিশ্চিতকরণ	নির্মিত ১০ শয্যা বিশিষ্ট মা ও শিশু কল্যাণ কেন্দ্র	স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর	বিভাগ কর্তৃক অপারেশনাল প্লান, প্রস্তাব অনুমোদন, যাচাই ও পরিদর্শন
বিভিন্ন স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ স্থাপনা নির্মাণ নিশ্চিতকরণ	নির্মিত ম্যাটস	স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর	বিভাগ কর্তৃক অপারেশনাল প্লান, প্রস্তাব অনুমোদন, যাচাই ও পরিদর্শন
বিভিন্ন স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ স্থাপনা নির্মাণ নিশ্চিতকরণ	নির্মিত নার্সিং কলেজ	স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর	বিভাগ কর্তৃক অপারেশনাল প্লান, প্রস্তাব অনুমোদন, যাচাই ও পরিদর্শন
বিভিন্ন স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ স্থাপনা নির্মাণ নিশ্চিতকরণ	নির্মিত আই এইচ টি	স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর	বিভাগ কর্তৃক অপারেশনাল প্লান, প্রস্তাব অনুমোদন, যাচাই ও পরিদর্শন
স্বাস্থ্য শিক্ষার উন্নয়নে আইন, বিধিমালা, নীতিমালা প্রণয়ন/হালনাগাদকরণ	বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয় (সংশোধন) আইন, ২০২২ মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরিত	মন্ত্রিপরিষদ বিভাগ	সভা আয়োজন এবং অনুমোদনের জন্য সংশ্লিষ্ট বিভাগে প্রেরণ
পরিবার পরিকল্পনা সেবা সম্প্রসারণ এবং তত্ত্বাবধান জোরদারকরণ	প্রশিক্ষণপ্রাপ্ত কর্মী দ্বারা গর্ভকালীন সেবার সংখ্যা বৃদ্ধি	পরিবার পরিকল্পনা অধিদপ্তর	বিভাগ কর্তৃক যাচিত অপারেশনাল প্লান, দপ্তর/সংস্থার এমআইএস রিপোর্ট এবং মিটিং, মনিটরিং ও পরিদর্শন
গবেষণা সম্পাদন ও প্রকাশ	বিভিন্ন মেডিকেল বিশ্ববিদ্যালয় ও মেডিকেল/ডেন্টাল কলেজে সম্পাদিত গবেষণাপত্র	স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর	বিভাগ কর্তৃক যাচিত অপারেশনাল প্লান, দপ্তর/সংস্থার এমআইএস রিপোর্ট এবং মিটিং, মনিটরিং ও পরিদর্শন
গবেষণা সম্পাদন ও প্রকাশ	সার্ভে/গবেষণা/সমীক্ষা প্রতিবেদন প্রকাশিত	জাতীয় জনসংখ্যা গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট (নিপোর্ট)	বিভাগ কর্তৃক যাচিত অপারেশনাল প্লান, দপ্তর/সংস্থার এমআইএস রিপোর্ট এবং মিটিং, মনিটরিং ও পরিদর্শন
স্বাস্থ্য শিক্ষার উন্নয়নে আইন, বিধিমালা, নীতিমালা প্রণয়ন/হালনাগাদকরণ	'বাংলাদেশ অ্যালাইড হেলথ শিক্ষা বোর্ড আইন-২০২২' এর খসড়া মন্ত্রিসভায় নীতিগত অনুমোদনের জন্য প্রেরিত	মন্ত্রিপরিষদ বিভাগ	খসড়া আইনটি মন্ত্রিসভায় নীতিগত অনুমোদনের জন্য প্রেরিত
স্বাস্থ্য শিক্ষার উন্নয়নে আইন, বিধিমালা, নীতিমালা প্রণয়ন/হালনাগাদকরণ	'বাংলাদেশ চিকিৎসা গবেষণা পরিষদ আইন, ২০২২' এর খসড়া জনপ্রশাসন মন্ত্রণালয়ের বাংলা ভাষা বাস্তবায়ন কোষ (বাবাকো) এ প্রেরিত	জনপ্রশাসন মন্ত্রণালয়	খসড়া আইনটি জনপ্রশাসন মন্ত্রণালয়ের বাংলা ভাষা বাস্তবায়ন কোষ (বাবাকো) এ প্রেরিত
গর্ভবতী মা এবং কৈশোরকালীন ও শিশু স্বাস্থ্য সেবার পরিধি বৃদ্ধি	প্রাতিষ্ঠানিক ডেলিভারির সংখ্যা (এমসিডব্লিউসি এবং ইউএইচএন্ডএফডব্লিউসি)	পরিবার পরিকল্পনা অধিদপ্তর	বিভাগ কর্তৃক অপারেশনাল প্ল্যানসমূহ অনুমোদন এবং মাঠ পর্যায়ে বাস্তবায়ন মনিটরিং
গর্ভবতী মা এবং কৈশোরকালীন ও শিশু স্বাস্থ্য সেবার পরিধি বৃদ্ধি	উপজেলা পর্যায়ে পুষ্টি, প্রজনন স্বাস্থ্য ও কৈশোরকালীন স্বাস্থ্যসেবা বিষয়ে ৮ম-১০ম শ্রেণীর ছাত্র-ছাত্রীদের নিয়ে সচেতনতামূলক কর্মশালা অনুষ্ঠিত	পরিবার পরিকল্পনা অধিদপ্তর	বিভাগ কর্তৃক অপারেশনাল প্ল্যানসমূহ অনুমোদন এবং মাঠ পর্যায়ে বাস্তবায়ন মনিটরিং
পরিবার পরিকল্পনা সেবা সম্প্রসারণ এবং তত্ত্বাবধান জোরদারকরণ	মাঠ পর্যায়ে বাস্তবায়িত পরিবার পরিকল্পনা এবং মা ও শিশু স্বাস্থ্য সেবার অগ্রগতির মনিটরিং কর্মশালা অনুষ্ঠিত	পরিবার পরিকল্পনা অধিদপ্তর	বিভাগ কর্তৃক অপারেশনাল প্ল্যানসমূহ অনুমোদন এবং মাঠ পর্যায়ে বাস্তবায়ন মনিটরিং

কার্যক্রম	কর্মসম্পাদন সূচক	যেসকল অফিসের সাথে সংশ্লিষ্ট	সংশ্লিষ্ট অফিসের সাথে কার্যক্রম সমন্বয়ের কৌশল
প্রশিক্ষণ প্রদান	টিচিং মেথডোলজী বিষয়ে প্রশিক্ষিত সরকারী মেডিকেল কলেজের শিক্ষক	স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর	বিভাগ কর্তৃক যাচিত প্রশিক্ষণ প্লান এবং মিটিং, মনিটরিং ও পরিদর্শন
চিকিৎসা শিক্ষা ও গবেষণার মানোন্নয়ন ও সুযোগ সম্প্রসারণ	সরকারি হোমিওপ্যাথিক মেডিকেল কলেজ হাসপাতাল, মিরপুর, ঢাকা-এর ১৮টি পদ স্থায়ী করণের লক্ষ্যে অর্থ বিভাগে প্রেরিত	অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়	পদ স্থায়ী করণের নিমিত্ত অর্থ বিভাগে প্রেরিত

সংযোজনী ৪: যেসব নীতি/পরিকল্পনার আলোকে কর্মসম্পাদন পরিকল্পনা প্রস্তুত করা হয়েছে

ক্রমিক নম্বর	নীতি/পরিকল্পনার নাম	নীতি/পরিকল্পনার যে অংশের আলোকে এপিএ'র কার্যক্রম গ্রহণ করা হয়েছে	এপিএ'র সংশ্লিষ্ট কার্যক্রম	মন্তব্য
১	জাতীয় জনসংখ্যা নীতি, ২০১২	পৃষ্ঠা-১১, (৫,১৫) পরিবার পরিকল্পনা সামগ্রী উৎপাদন ও সরবরাহ, পৃষ্ঠা-১২ (৬,১) জনসংখ্যা কার্যক্রমে বিভিন্ন মন্ত্রণালয়, বিসরকারি ও ব্যক্তি খাতের ভূমিকা, পৃষ্ঠা-১৮ নীতি বাস্তবায়নের প্রাতিষ্ঠানিক ব্যবস্থা	[৩.২.১] প্রশিক্ষণপ্রাপ্ত কর্মী দ্বারা গর্ভকালীন সেবার সংখ্যা, [৩.৩.১] প্রতিষ্ঠানিক ডেলিভারির সংখ্যা (এমসিডব্লিউসি এবং ইউএন্ডএফডাব্লিউসি), [৩.৩.২] উপজেলা পর্যায়ে পুষ্টি, প্রজনন স্বাস্থ্য ও কৈশোরকালীন স্বাস্থ্যসেবা বিষয়ে ৮ম-১০ম শ্রেণীর ছাত্র-ছাত্রীদের নিয়ে সচেতনতামূলক কর্মশালা অনুষ্ঠিত, [৪.১.৫] প্রসব পরবর্তী পরিচর্যা বিষয়ক প্রশিক্ষিত নার্স ও মিডওয়াইফ এর সংখ্যা বৃদ্ধি এবং [৪.১.১] বিভাগের কর্মকর্তা/কর্মচারীগণের স্বাস্থ্য শিক্ষা বিষয়ক "দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ"	জাতীয় জনসংখ্যা নীতি, ২০১২ এর আলোকে স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের পরিবার পরিকল্পনা অংশের নীতি ও কার্যক্রম সমূহ গৃহীত হয়ে থাকে।
২	টেকসই উন্নয়ন লক্ষমাত্রা Sustainable Development Goals (SDGs)	এসডিজি সূচক ৩.২: নবজাতক এবং ৫ বছরের কম বয়সী শিশু মৃত্যুরোধ এসডিজি সূচক ২.২: সকল প্রকার অপুষ্টি দূরীকরণ এসডিজি সূচক ৩.৮: সার্বজনীন “হেলথ কাভারেজ” অর্জন	[৩.২.১] প্রশিক্ষণপ্রাপ্ত কর্মী দ্বারা গর্ভকালীন সেবার সংখ্যা বৃদ্ধি, [৩.৩.১] প্রতিষ্ঠানিক ডেলিভারির সংখ্যা (এমসিডব্লিউসি এবং ইউএন্ডএফডাব্লিউসি), [৪.১.৪] ই বি পি বিষয়ে প্রশিক্ষণপ্রাপ্ত মিডওয়াইফ ও নার্স, [৪.১.১] বিভাগের কর্মকর্তা/কর্মচারীগণের স্বাস্থ্য শিক্ষা বিষয়ক "দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ", [১.১.১] ১৪টি সরকারি মেডিকেল কলেজ-এ ক্রিটিক্যাল কেয়ার বিষয়ে পূর্ণাঙ্গ পদ সৃজনকৃত, [৩.২.২] তৃণমূল পর্যায়ে স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা সেবা সম্প্রসারণের লক্ষে স্থানীয় এনজিওসমূহকে অনুদান প্রদান এবং [৪.১.২] বিভাগের কর্মকর্তা/কর্মচারীগণের সক্ষমতা উন্নয়নে সমসাময়িক বিষয় নিয়ে আয়োজিত লার্নিং সেশন	টেকসই উন্নয়ন লক্ষমাত্রা (এসডিজি) অনুসারে ইউনির্ভাসেল হেল্থ কভারেজ এবং ওয়েলবিয়িং(Wellbeing) এর লক্ষ্যমাত্রা অর্জনে স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ এপিএ-এর কর্মসম্পাদন সূচক সমূহ সমন্বয় করে থাকে।
৩	নির্বাচনী ইশতেহারের সাথে এপিএ কার্যক্রমের সমন্বয়	দেশের প্রতিটি মানুষের জন্য স্বাস্থ্য ও পুষ্টি সেবা প্রাপ্তি উন্নত করা হবে। # সব ধরনের স্বাস্থ্য সেবা কেন্দ্র এবং হাসপাতালগুলোতে আধুনিক প্রযুক্তি প্রচলন করে স্বাস্থ্য সেবা ব্যবস্থাকে আরো নির্ভুল ও জনবান্ধব করা হবে। # আয়ুর্বেদী, ইউনানী, দেশজ ও হোমিওপ্যাথিক চিকিৎসা ও শিক্ষা ব্যবস্থার মানোন্নয়ন এবং আধুনিকায়ন অব্যাহত রাখা হবে।	[১.১.১] ১৪টি সরকারি মেডিকেল কলেজ-এ ক্রিটিক্যাল কেয়ার বিষয়ে পূর্ণাঙ্গ পদ সৃজনকৃত, [৩.২.৪] মাঠ পর্যায়ে বাস্তবায়িত পরিবার পরিকল্পনা এবং মা ও শিশু স্বাস্থ্য সেবার অগ্রগতির মনিটরিং কর্মশালা অনুষ্ঠিত, [২.২.১] প্রতি বছরে মেরামতকৃত স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ স্থাপনা, [৩.২.২] তৃণমূল পর্যায়ে স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা সেবা সম্প্রসারণের লক্ষে স্থানীয় এনজিওসমূহকে অনুদান প্রদান এবং[১.১.৭] সরকারি হোমিওপ্যাথিক মেডিকেল কলেজ হাসপাতাল, মিরপুর, ঢাকা-এর ১৮টি পদ স্থায়ী করণের লক্ষ্যে অর্থ বিভাগে প্রেরিত	সরকারি নির্বাচনী ইশতেহারের লক্ষ্যমাত্রা অর্জনে স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ প্রতি বছর ধারাবাহিক ভাবে এপিএ তে কার্যক্রম সমূহ সমন্বয় করে থাকে।
৪	৮ম পঞ্চবার্ষিকী পরিকল্পনা (বাংলা পিডিএফ)	১০ম অধ্যায়, পৃ: ৫১৬-৫২৪, ৫২৬-৫২৭।	[৩.২.১] প্রশিক্ষণপ্রাপ্ত কর্মী দ্বারা গর্ভকালীন সেবার সংখ্যা বৃদ্ধি, [৩.৩.১] প্রতিষ্ঠানিক ডেলিভারির সংখ্যা (এমসিডব্লিউসি এবং ইউএন্ডএফডব্লিউসি) [৪.১.৪] ই বি পি বিষয়ে প্রশিক্ষণপ্রাপ্ত মিডওয়াইফ ও নার্স, [৪.১.৫] প্রসব পরবর্তী পরিচর্যা বিষয়ক প্রশিক্ষিত নার্স ও মিডওয়াইফ-এর সংখ্যা বৃদ্ধি, [১.২.৪] 'বাংলাদেশ চিকিৎসা গবেষণা পরিষদ আইন, ২০২২' এর খসড়া মন্ত্রিপরিষদ বিভাগে সুপারিশ এর জন্য প্রেরিত এবং [১.২.১] বাংলাদেশ চিকিৎসা শিক্ষা অ্যাক্রেডিটেশন আইন, ২০২০ জাতীয় সংসদে প্রেরণ	৮ম পঞ্চবার্ষিকী পরিকল্পনা এর লক্ষ্যমাত্রা অর্জনে স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের নীতি ও কার্যক্রম সমূহ গৃহীত হয়ে থাকে।

ক্রমিক নম্বর	নীতি/পরিকল্পনার নাম	নীতি/পরিকল্পনার যে অংশের আলোকে এপিএ'র কার্যক্রম গ্রহণ করা হয়েছে	এপিএ'র সংশ্লিষ্ট কার্যক্রম	মন্তব্য
৫	৮ম পঞ্চবার্ষিক পরিকল্পনার আলোকে পরিকল্পনা কমিশনের সাধারণ অর্থনীতি বিভাগ প্রণীত খসড়া কর্মপরিকল্পনা (মার্চ/২০২২) (সাধারণ অর্থনীতি বিভাগ প্রণীত হ্যান্ডবুক ও গাইডলাইন এবং ইংরেজি পিডিএফ)	নারীর অধিকার ও উন্নয়ন নিশ্চিতকল্পে অপারেশনাল প্লান ভিত্তিক কর্মসূচী গ্রহণ (পৃষ্ঠা-৫৮৩,৫৮৪), বিদ্যমান স্বাস্থ্য স্থাপনাসমূহের পূন:নির্মাণ ও উন্নয়ন (পৃষ্ঠা-৫৮৪), সমতাভিত্তিক উন্নয়ন নিশ্চিত করণে আইন প্রণয়ন এবং বিদ্যমান পলিসিসমূহের হালনাগাদকরণ (পৃষ্ঠা-৫৮৪), স্বাস্থ্য সেবার উন্নয়নে ডাক্তার, নার্স, প্যারামেডিক এবং মাঠ কর্মীদের প্রয়োজনীয় প্রশিক্ষণ গ্রহণ (পৃষ্ঠা-৫৮৮)	[৩.২.১] প্রশিক্ষণপ্রাপ্ত কর্মী দ্বারা গর্ভকালীন সেবার সংখ্যা বৃদ্ধি, [৩.৩.২] উপজেলা পর্যায়ে পুষ্টি, প্রজনন স্বাস্থ্য ও কৈশোরকালীন স্বাস্থ্যসেবা বিষয়ে ৮ম-১০ম শ্রেণীর ছাত্র-ছাত্রীদের নিয়ে সচেতনতামূলক কর্মশালা অনুষ্ঠিত, [৩.২.৪] মাঠ পর্যায়ে বাস্তবায়িত পরিবার পরিকল্পনা এবং মা ও শিশু স্বাস্থ্য সেবার অগ্রগতির মনিটরিং কর্মশালা অনুষ্ঠিত, [২.১.১] নির্মিত ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র, [২.১.২] নির্মিত ১০ শয্যা বিশিষ্ট মা ও শিশু কল্যাণ কেন্দ্র, [২.২.১] প্রতি বছরে মেরামতকৃত স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ স্থাপনা, [১.২.৩] 'বাংলাদেশ অ্যালাইড হেলথ শিক্ষা বোর্ড আইন-২০২২' এর খসড়া লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগে ভেটিং এর জন্য প্রেরিত, [১.১.৭] সরকারি হোমিওপ্যাথিক মেডিকেল কলেজ হাসপাতাল, মিরপুর, ঢাকা-এর ১৮টি পদ স্থায়ী করণের লক্ষ্যে অর্থ বিভাগে প্রেরিত, [৪.১.৩] সরকারী মেডিকেল কলেজের শিক্ষকদের টিচিং মেথডোলজী বিষয়ক প্রশিক্ষণ প্রদানকৃত, [৪.১.৪] ই বি পি বিষয়ে প্রশিক্ষণপ্রাপ্ত মিডওয়াইফ ও নার্স এবং [৪.১.৫] প্রসব পরবর্তী পরিচর্যা বিষয়ক প্রশিক্ষিত নার্স ও মিডওয়াইফ-এর সংখ্যা বৃদ্ধি	৮ম পঞ্চবার্ষিক পরিকল্পনার আলোকে পরিকল্পনা কমিশনের সাধারণ অর্থনীতি বিভাগ প্রণীত খসড়া কর্মপরিকল্পনা (মার্চ/২০২২) এর আলোকে স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের নীতি ও কার্যক্রমসমূহ গৃহীত হয়েছে এবং নির্ধারিত কর্মপরিকল্পনা অনুযায়ী এটি হালনাগাদ করা হবে।

সংযোজনী ৫-৯: সংস্কার ও সুশাসনমূলক কার্যক্রমের বাস্তবায়ন সংক্রান্ত কর্মপরিকল্পনাসমূহ